

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৩৬১

১৩/ বিচার কার্য (اكتاب الأحكام عن رسول الله الله الأحكام عن رسول الله) পরিচ্ছেদঃ ২৪. ছেলে-মেয়েদের বালেগ হওয়ার বয়স

# باب مَا جَاءَ فِي حَدِّ بُلُوغِ الرَّجُلِ وَالْمَرْأَةِ

#### আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بِنُ وَزِيرِ الْوَاسِطِيُّ، حَدَّثَنَا إِسْحَاقُ بِنُ يُوسُفَ الأَزْرَقُ، عَنْ سُفْيَانَ، عَنْ عُبَيْدِ اللَّهِ بِنِ عُمَرَ، عَنْ نَافِع، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ عُرِضْتُ عَلَيْ وَسُلِم فِي جَيْشٍ وَأَنَا ابْنُ أَرْبَعَ عَشْرَةَ فَلَمْ يَقْبُلْنِي فَعُرِضِنْتُ عَلَيْهِ مِنْ قَابِلِ فِي جَيْشٍ عَلَيْه وسلم فِي جَيْشٍ وَأَنَا ابْنُ أَرْبَعَ عَشْرَةَ فَلَمْ يَقْبُلْنِي فَعُرِضْتُ عَلَيْهِ مِنْ عَبْدِ الْعَزيزِ وَأَنَا ابْنُ خَمْسَ عَشْرَةَ فَقَبِلَنِي . قَالَ نَافِعٌ وَحَدَّثْتُ بِهَذَا الْحَديثِ عُمَرَ بْنَ عَبْدِ الْعَزيزِ فَقَالَ هَذَا ابْنُ أَبِي عُمَرَ، حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُينْنَةَ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عُمَرَ، عَنْ نَافِع، عَنْ الْبُنِ عُمْرَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَ هَذَا وَلَمْ يَذْكُرْ فِيهِ أَنَّ عُمْرَ بْنَ عَبْدِ الْعَزيزِ عَمْرَ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم نَحْوَ هَذَا وَلَمْ يَذْكُرْ فِيهِ أَنَّ عُمْرَ بْنَ عَبْدِ الْعَزيزِ عَقَالَ هَذَا حَدُّ مَا بَيْنَ الصَّغِيرِ وَالْكَبِيرِ . وَذَكَرَ ابْنُ عُينْنَةَ فِي حَديثِهِ . قَالَ نَافِع عَمَرَ بْنَ عَبْدِ الْعَزيزِ وَقَالَ هَذَا حَدُّ مَا بَيْنَ الشَّوْعِيُّ وَأَلْحُهُمْ وَالْمُقُوبِيَّةَ وَالْمُفَقَاتِلَةِ . قَالَ أَبُو عِيسَى عَشْرَةً وَالْمُفَقَاتِلَةِ . قَالَ أَبُو عِيسَى وَابْنُ الْمُبَارِكِ وَالشَّافِعِيُّ وَأَحْمَلُ عَلَى مَلْوَلَ الْعُلْمَ إِذَا اسْتَكُمْلَ حَمْسَ عَشْرَةً وَالْمُمُلُوبُ وَلَاللَّا فَعْ يَلْوَلُومُ وَلَالِ وَإِنِ احْتَلَمَ قَبْلَ خَمْسَ عَشْرَةً أَوْ الإحْتِلاَمُ فَإِنْ لَمْ يُعْرَفْ سِنُهُ وَالْمَادُ فَالْمَهُ فَالْإِنْبَاتُ يَعْنِي الْعَانَةَ .

#### বাংলা

১৩৬১। ইবনু উমার (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, আমাকে কোন এক সামরিক অভিযানে যাওয়ার সময় রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের সামনে হাযির করা হয়। তখন আমার বয়স ছিল চৌদ বছর। তিনি আমাকে (সৈনিক হিসাবে) গ্রহণ করেননি। এর পরের বছর এক সামরিক অভিযানে যাওয়ার সময় আমাকে আবার



তার সামনে হাযির করা হয়। তখন আমার বয়স ছিল পনের বছর। এবার তিনি আমাকে সেনাবাহিনীতে নিয়ে নিলেন। নাফি (রাহঃ) বলেন, আমি এ হাদীসটি উমার ইবনু আবদুল আযীয (রহঃ)-এর নিকট বর্ণনা করলে তিনি বলেনঃ এটাই হল নাবালেগ ও বালেগের মধ্যকার বয়সসীমা। তারপর তিনি লিখিত নির্দেশ প্রদান করলেন- যে পনের বছর বয়সে পৌছেছে তার ভাতা নির্ধারণের জন্য।

সহীহ, বুখারী (২৬৬৪, ৬/৩০)

ইবনু উমার হতে, তিনি নাফি হতে এই সূত্রেও ইবনু উমর (রাঃ) হতে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের উপরের হাদীসের মত হাদীস বর্ণিত হয়েছে। কিন্তু এ কথাটুকু এই সূত্রে উল্লেখ নেইঃ উমার ইবনু আবদুল আযীয় (রহঃ) লিখে পাঠালেন, এটাই বালেগ ও নাবালেগের মধ্যকার বয়সসীমা। একথাই ইবনু উআইনা তার হাদীসের মধ্যে উল্লেখ করেছেনঃ আমি এ হাদীসটিকে উমার ইবনু আবদুল আযীযের সামনে বর্ণনা করলে তিনি বলেন, এটাই হচ্ছে নাবালেগ ও সৈনিকের মধ্যে বয়সসীমা।এ হাদীসটিকে আবু ঈসা হাসান সহীহ বলেছেন।

এ হাদীস অনুযায়ী বিশেষজ্ঞ আলিমগণ আমল করেছেন। এরকম মতই সুফিয়ান সাওরী, ইবনুল মুবারাক, শাফিঈ, আহমাদ ও ইসহাক (রাহঃ)-এর। তাদের মতে, নাবালেগ সন্তান পনের বছরে পৌছার সাথে সাথে বালেগদের মধ্যে গণ্য হবে। পনের বছরের পূর্বেই যদি স্বপ্লদোষ হয় তবে সে বলেগ বলে গণ্য হবে।

আহমাদ ও ইসহাক বলেছেন, বালেগ হওয়ার জন্য তিনটি বিকল্প নিদর্শন রয়েছে, পনের বছর বয়স হওয়া; ইহতিলাম (বীর্যপাত) হওয়া; যদি এরকম হয় যে, বয়সও অনুমান করা যাচ্ছে না আবার ইহতিলামও হয় না এক্ষেত্রে লজ্জাস্থানে লোম গজানোকে ধরে নিতে হবে।

### **English**

#### Narrated Nafi':

that Ibn 'Umar said: "I was reviewed before the Messenger of Allah () in the army, and I was fourteen years old, but he did not accept me. Then I was reviewed before him in the army later while I was fifteen years old, and he accepted me." Nafi' said: "I narrated this Hadith to 'Uman bin 'Abdul Azeez and he said: 'This is the limit that distinguishes between childhood and adulthood.' Then he wrote to give salaries to whoever reached fifteen years old." (Another chain) from Nafi', from Ibn 'Umar from the Prophet () and it is similar, but he did not mention in it that 'Umar bin 'Abdul-'Aziz wrote that this is the limit that distinguishes between youth and childhood and adulthood. In his narration, Ibn 'Uyainah said (that Nafi' said): "I narrated it to 'Umar bin 'Abdul-'Aziz and he said: 'This is the limit that distinguishes between children and soldiers.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন